



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

‘গৃহায়ন মেলা-২০১৭’ আয়োজনে বিএইচবিএফসি’র চুক্তি স্বাক্ষর



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আবাসন খাতের সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান এবং রিয়েল স্টেট ও আবাসন সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠানের অংশগ্রহণে ‘গৃহায়ন মেলা-২০১৭’ আয়োজন করতে যাচ্ছে। এ উপলক্ষ্যে রাজধানীস্থ হোটেল সোনারগাঁও এ মেলার সহ আয়োজক প্রতিষ্ঠান গ্রীনবীজ এ্যাডপয়েন্ট এর সাথে মেলার প্রধান আয়োজক বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত অনুষ্ঠানে কর্পোরেশনের পক্ষে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ ও ব্যবস্থাপনা পরিচালক দেবশীষ চক্রবর্তী এবং গ্রীনবীজ এ্যাডপয়েন্টের পক্ষে এ, আর, সাগর চৌধুরী, সিইও, গ্রীনবীজ ও আফতাব বিন তমিজ, সিইও, এ্যাডপয়েন্ট চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় কর্পোরেশনের মহাব্যবস্থাপকসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।